লাঠি হাতে নিয়ে জুমু‘আর খুতবা দেওয়া কি সুন্নত?

هل من السنة حمل العصا في خطبة الجمعة؟

< Bengali - بنغالي - বাংলা >

শাইখ মুহাম্মাদ সালেহ আল-মুনাজ্জিদ

الشيخ محمد صالح المنجد

অনুবাদক: সানাউল্লাহ নজির আহমদ

সম্পাদক: ড. আবু বকর মুহাম্মাদ যাকারিয়া

ترجمة: ثناء الله نذير أحمد

مراجعة: د/ أبو بكر محمد زكريا

লাঠি হাতে নিয়ে জুমু'আর খুতবা দেওয়া কি সুন্নত?

প্রশ্ন: আল্লাহ আপনাকে বরকত দান করুন। কোনো কোনো মসজিদের ইমাম সাহেবকে দেখি লাঠির উপর ভর দিয়ে খুতবা দেন। এটা কি সুন্নত?

উত্তর: আল-হামদুলিল্লাহ।

লাঠি অথবা এ জাতীয় কোনো বিষয়, যেমন ধনুক, তরবারি ইত্যাদির উপর ভর দিয়ে খুতবা দেওয়া বিষয়ে শরী'আতবিদদের দু'টি অভিমত রয়েছে:

প্রথম অভিমত: এরূপ করা মুস্তাহাব। মালেকী, শাফে'ঈ ও হাম্বলী মাযহাবের অধিকাংশ আলেম এ মতের পক্ষে গিয়েছেন।

ইমাম মালেক রহ. বলেন, 'খুতবা দেন এমন ইমামদের জন্য এরূপ করা মুস্তাহাব। অর্থাৎ তারা লাঠিতে ভর করা অবস্থায় খুতবা দেবেন। এরূপই আমরা দেখেছি ও শুনেছি'। (আল-মুদাউওয়ানাতুল কুবরা: ১/১৫১) মালেকী মাযহাবের পরবর্তী যুগের কিতাবপত্রে এ অভিমতকেই নির্ভরযোগ্য বলা হয়েছে। (দেখুন: জাওয়াহেরুল ইকলীল: ১/৯৭ ও হাশিয়াতুদ্দাসুকী: ১/৩৮২)

ইমাম শাফে'ঈ রহ. বলেন, 'যে খুতবা প্রদান করবেন (তা যে প্রকৃতিরই হোক না কেন) তিনি কোনো কিছুর উপর ভর দেবেন, এটাই আমার কাছে পছন্দনীয়'। (আল উম্ম: ১২৭২) এ বিষয়ে শাফে'ঈ মাযহাবের ফতোয়া এটাই। (দ্র: নিহায়াতুল মুহতাজ: ২/৩২৬ ও হাশিয়াতু কালয়ুবি: ১/২৭২)

হাম্মলী মাযহাবের ইমাম বাহুতী রহ. বলেন, 'যে কোনো হাত দিয়ে তরবারি, ধনুক বা লাঠির উপর ভর দিয়ে খুতবা দেওয়া সুন্নত'। (কাশশাফুল কেনা: ২/৩৬, আরো দ্র: আল-ইনসাফ: ২/৩৯৭)

এ অভিমত যারা ব্যক্ত করেছেন তাদের কথা হলো, লাঠির উপর ভর দিয়ে খুতবা দেওয়া রাসূলুল্লাহ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম থেকে বহু হাদীসে প্রমাণিত। তন্মধ্যে একটি হলো হাকাম ইবন হাযামের হাদীসে যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জুমু'আর দিন (লাঠি অথবা ধনুকের উপর ভর দিয়ে খুতবা দিয়েছেন, অতঃপর তিনি আল্লাহর প্রশংসা ও গুণাগান করেছেন...)। (আবু দাউদ, হাদীস নং ১০৯৬, ইমাম নববী আল-মাজমু' গ্রন্থে হাদীসটিকে হাসান বলেছেন, (৪/৫২৬) সহীহু আবি দাউদ গ্রন্থে আলবানী রহ. হাদীসটিকে হাসান বলে আখ্যায়িত করেছেন। অবশ্য শরী'আতবিদদের কেউ কেউ হাদীসটি দয়ীফ বলেছেন। ইবন কাছীর রহ. ইরশাদুল ফকিহ গ্রন্থে (১/১৯৬) বলেন, 'এ হাদীসের সনদটি শক্তিশালী নয়'।

দ্বিতীয় অভিমত: এরূপ করা মাকরূহ, হানাফী মাযহাবের এটাই ফাতওয়া, যদিও এ মাযহাবের কিছু ফকীহ এ মতের বিরুদ্ধে গিয়েছেন।

ফতোয়ায়ে তাতারখানিয়াতে আল-মুহিতুল বুরহানী গ্রন্থের রচয়িতার বরাত দিয়ে বলা হয়েছে: খতিব যদি লাঠি অথবা ধনুকের উপর ভর দিয়ে খুতবা দেন, তবে তা জায়েয; কিন্তু এরূপ করা মাকরূহ। কারণ, তা সুন্নতের খেলাফ। (ফাতওয়ায়ে তাতারখানিয়া: ২/৬১)

হানাফী মাযহাবের আরেকটি ফাতওয়াগ্রন্থ, ফতোয়ায়ে হিন্দিয়াতে এসেছে (১/১৪৮): ধনুক অথবা লাঠির উপর ভর দিয়ে খুতবা দেওয়া মাকরূহ, খুলাসা ও আল-মুহিত গ্রন্থদ্বয়ে এরূপই এসেছে। আর যেসব দেশ যুদ্ধের মাধ্যমে জয় হয়েছে সেসব দেশে খতিবগণ তরবারি ঝুলিয়ে খুতবা দিবে। তাহাবী গ্রন্থের ব্যাখ্যায় এরূপই রয়েছে।

ইমাম ইবনুল কাইয়্যেমের কথাও প্রমাণ করে যে, মিম্বারে খুতবা দেওয়ার সময় লাঠির উপর ভর দেওয়া রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সুন্নত নয়।

তিনি বলেন: 'তিনি তরবারি বা অন্য কিছু নিয়ে খুতবা দিতেন না। মিম্বার নির্মাণের পূর্বে তিনি ধনুক অথবা লাঠির উপর ভর দিতেন। যুদ্ধের ময়দানে তিনি ধনুকের উপর ভর দিয়ে খুতবা দিতেন, আর মসজিদে লাঠির উপর। তরবারির উপর ভর দিয়ে খুতবা দিয়েছেন বলে কোনো বর্ণনায় নেই। কিছু মূর্খ লোক মনে করে থাকে যে, তিনি সর্বদা তরবারির উপর ভর দিয়ে খুতবা দিয়েছেন (যা ইঙ্গিত করে যে এ দীনে ইসলাম তরবারির দ্বারা কায়েম হয়েছে) চরম মূর্খতার ফলেই তারা এরূপ বলে থাকে। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে এমন কোনো বর্ণনা আসে নি যে, তিনি তরবারি, ধনুক অথবা অন্য কিছু নিয়ে মিম্বারে উঠতেন। এমনকী মিম্বার নির্মাণের পূর্বেও যে তিনি তরবারি হাতে নিয়ে খুতবা দিয়েছেন, এ কথা কোনো বর্ণনায় পাওয়া যায় না। মিম্বার নির্মাণের পূর্বে তিনি লাঠি বা ধনুকের উপর ভর দিতেন। (যাদুল মা'আদ: ১/৪২৯)

শাইখ ইবন উসাইমীন রহ. বলেন: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তরবারি, ধনুক অথবা লাঠির উপর ভর দিয়ে খুতবা দিতেন একথা প্রমাণের পক্ষে যে হাদীস উল্লেখ করা হয় তা সন্দেহযুক্ত। যদি ধরেও নিই যে হাদিসটি সহীহ, তবুও ইবনুল কাইয়্যেম রহ. বক্তব্য বিষয়টি পরিষ্কার করে দিচ্ছে। তিনি বলেছেন, মিম্বার নির্মাণের পর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কোনো কিছুর উপর ভর দিয়েছেন বলে কোনো বর্ণনায় আসে নি।

এর ব্যাখ্যায় বলা যায়, কোনো কিছুর উপর ভর দেওয়া প্রয়োজনের সময় হতে পারে। উদাহরণত খতিব যদি এমন দুর্বল হয় যে তাকে লাঠিতে ভর দিয়ে দাঁড়াতে হবে, তবে সে লাঠিতে ভর দিয়ে দাঁড়াবে এবং এসময় তা সুন্নত বলে পরিগণিত হবে। কেননা তা দাঁড়ানোর ব্যাপারে সাহায্য করে। আর খুতবার সময় দাঁড়ানো সুন্নত। পক্ষান্তরে যদি প্রয়োজন না থাকে তাহলে লাঠি বহনের আদৌ দরকার নেই। (আশ-শারহুল মুমতে: ৫/৬২-৬৩)

শাইখ আলবানী রহ. ইবনুল কাইয়্যেম রহ.-এর কথা সমর্থন করেছেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম খুতবা দেওয়ার সময় ধনুক অথবা লাঠির উপর ভর দিতেন -এ কথা তিনি অস্বীকার করেছেন। (দ্র: আস-সিলসিলাতুয যায়িফা: ৯৬৪)

আল্লাহই উত্তম জ্ঞানী।